# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১১৯০৭৬১/সাতক্ষীরা-৮০/ ৮৬

তারিখ: কার্তিক ১৪২৮ / নভেম্বর ২০২১

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্রাসার সুপার এডহক কমিটি গঠনের জন্য প্রতিষ্ঠানের শিক্ষকদের সাথে পরামর্শ ছাড়াই এডহক কমিটি অনুমোদনের আবেদন করেছেন এবং বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ পূর্বক জনৈক মোঃ মাহমুদ আল ইমরান সরদার একখানা অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৪.. (..চার..) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০.১১.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১০/১১/২১

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১১৯০৭৬১/সাতক্ষীরা-৮০/

তারিখ: কার্তিক ১৪২৮ / নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৫. জনাব মোঃ মাহমুদ আল ইমরান সরদার (অভিযোগকারী), গ্রাম-দক্ষিণ মুরারীকাটি, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১০/১১/২১

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

১০/১১/২১

E:\Ra\Inqu n4.doc

অভিযোগপত্র

বরাবর,
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়ঃ জালিয়াতির মাধ্যমে পকেট (এডহক) কমিটি গঠনের অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান পূর্বক সবিনয় নিবেদন আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ মাহমুদ আল-ইমরান সরদার, পিতা- মোঃ শাহাবুদ্দীন সরদার, পেশা- সাংবাদিকতা, স্থায়ী ঠিকানাঃ গ্রাম+ডাকঘর- সরুলিয়া, উপজেলা- তালা, জেলা- সাতক্ষীরা এবং বর্তমান ঠিকানাঃ গ্রাম+ডাকঘর- মুরারীকাটি, উপজেলা- কলারোয়া, জেলা- সাতক্ষীরা, এই মর্মে অভিযোগ করছি যে, আমার জন্মস্থান সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন সরুলিয়া গ্রামের "সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্রাসা"টি আমার দাদার দানকৃত জমিতে প্রতিষ্ঠাতা হিসাবে আমার পিতা ও চাচাদের একান্ত প্রচেষ্টায় ১৯৮১ ইং সালে স্থাপিত হয়। মাদ্রাসাটি প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি আমার পিতাসহ পূর্বপুরুষদের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হইয়া আসিতেছে। দেশে বিদ্যমান করোনা ভাইরাসের কারণে প্রতিষ্ঠানে এডহক কমিটি গঠনের প্রয়োজনীতা দেখা দেওয়ায় প্রতিষ্ঠান প্রধান এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্তির জন্য আপনার দপ্তরে অনলাইনে আবেদন দাখিল করেন। গত ২৪/০৮/২০২১ ইং তারিখে আপনার দপ্তর হইতে বামাশিবো/প্রশা/২২৬২১১১৯০৭৬১/৪৫৪৬৪/নথি নং-৮০ নং স্মারকে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয়। প্রতিষ্ঠানের সুপার সাহেব এডহক কমিটি গঠনের জন্য প্রতিষ্ঠানের শিক্ষকমন্ডলীসহ সংশ্লিষ্ঠদের সঙ্গে কোন পরামর্শ ছাড়াই সভাপতি মনোনয়নের জন্য প্রস্তাবিত ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য তথ্য গোপন করে জালিয়াতির মাধ্যমে এডহক কমিটি অনুমোদনের জন্য আপনার দপ্তরে অনলাইনে আবেদন দাখিল করেছেন। উল্লেখ্য সুপারের বিরুদ্ধে সম্প্রতি মাদ্রাসাটিতে আয়া ও নিরাপত্তাকর্মীর পদে ০২ জন কর্মচারী নিয়োগে ১০,০০০/- (দশ লক্ষ) টাকা দূর্নীতির মাধ্যমে আত্নসাত করেছেন মর্মে গ্রামবাসীর অভিযোগ থাকায় জালিয়াতির মাধ্যমে পকেট কমিটি গঠনের চেষ্টা করছেন। এমতাবস্থায় উল্লেখিত অভিযোগের বিষটির সুষ্ঠু তদন্ত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সমীপে আবেদন জানাচ্ছি। নিম্নে সুপার কর্তৃক দাখিলকৃত ব্যক্তিবর্গের প্রকৃত শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য তথ্য উল্লেখ করলাম।

| ক্রঃ | প্রস্তাবিত নাম | ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা | পেশা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ নাছের সরদার | সরুলিয়া | নিরক্ষর | কৃষি | |
| ২ | মোঃ আব্দুর রব পলাশ | পাটকেলঘাটা | স্নাতক (পাশ) | সহকারি শিক্ষক (সরকারি প্রাথঃ বিদ্যালয়) | |
| ৩ | মোঃ কামাল উদ্দীন সরদার | সরুলিয়া | এইচ.এস.সি | ব্যাবসায়ী ও সমাজ সেবক | |

অতএব মহোদয় সমীপে আরজ যাতে সুপার কর্তৃক জালিয়াতির মাধ্যমে দাখিলকৃত এডহক কমিটি অনুমোদনের আবেদনটি বাতিল করা হয় তার সুব্যবস্থা গ্রহণে আপনার মর্জি কামনা করছি।

বিনীত

তারিখঃ ১৪-১০-২০২১

(মোঃ মাহমুদ আল-ইমরান সরদার)
মোবাইলঃ ০১৭১১-৪৩৩১৪২

সংযুক্তঃ
(১) শিক্ষকমন্ডলীর স্বাক্ষরিত স্টেটমেন্ট।
(২) প্রস্তাবিত তালিকার ০৩ নং ক্রমিকে বর্নিত ব্যক্তির এসএসসি পাশের সনের কপি।
(৩) কর্মচারী নিয়োগে ঘুষ লেনদেনের বিষয়ে শিক্ষকমন্ডলী ও স্থানীয় গ্রামবাসীর উপস্থিতিতে আলোচনার স্বাক্ষরিত কপি।

# অভিযোগকারীর জাতীয় পরিচয়পত্র






بسم الله الرحمن الرحيم

# সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্‌রাসা

## SARULIA KIAMIA ADARSHA DAKHIL MADRASAH

ডাক ঃ সরুলিয়া, থানাঃ পাটকেলঘাটা, উপজেলা ঃ তালা, জেলা ঃ সাতক্ষীরা।

মাদ্‌রাসা কোড ঃ ১৫৭৪৪, EIIN No- 119076

স্থাপিত ঃ ১৯৮১ ইং মোবাইল: ০১৭১২-৯০০৩০৬/০১৩০৯-১১৯০৭৬

স্মারক নং-

তারিখঃ ২৩.০৯/২০২১

মাননীয়,

সুপারের আবেদন

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয় ঃ সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, তালা উপজেলাধীন সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদরাসার এডহক কমিটি গঠনের জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/২২৬২১১১৯০৭৬১/৪৫৪৬৪নথি নং- ৮০ তারিখ: ২৪/০৮/২০২১ খ্রিঃ পত্র মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করায় অত্র মাদরাসার এডহক কমিটি গঠন করা একান্ত প্রয়োজন। নিম্নে সভাপতি মনোনয়নের জন্য নামের তালিকা প্রদান করা হলোঃ

নামের তালিকা

| ক্র: নং | নাম ও পিতার নাম | ঠিকানা | শিক্ষাগত যোগ্যতা | পেশা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ নাছের সরদার<br>পিতা: মোঃ মাজেদ সরদার | গ্রাম+ডাক: সরুলিয়া<br>তালা, সাতক্ষীরা | এস.এস.সি | ইউ.পি সদস্য | |
| ০২ | আব্দুর রব পলাশ<br>পিতা: মোঃ রফিকুল ইসলাম | গ্রাম+ডাক:<br>পাটকেলঘাটা,<br>তালা, সাতক্ষীরা | এস.এস.সি | ব্যবসা | |
| ০৩ | কামাল সরদার<br>পিতা: কেয়ামদ্দীন সরদার | গ্রাম+ডাক: সরুলিয়া<br>তালা, সাতক্ষীরা | অষ্টম শ্রেণি | কৃষি | |

অতএব, মহোদয়ের সমীপে প্রার্থনা যাতে মাদরাসাটি একজন সভাপতি মনোনয়নসহ এডহক কমিটির অনুমোদন পেতে পারে তার বিহিত ব্যবস্থা করতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

২৩/০৯/২০২১

(মোঃ আব্দুর রউফ)
সুপারিনটেনডেন্ট
সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদরাসা
ডাক: সরুলিয়া, তালা, সাতক্ষীরা।

বাংলাদেশ জাতীয় সংসদ

এড. মুস্তফা লুৎফুল্লাহ
সংসদ সদস্য
১০৫ সাতক্ষীরা - ০১
সদস্য, সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি

৮৪৪

অনানুষ্ঠানিক পত্র সংখ্যা ঃ ১০৫ সাতক্ষীরা ০১.২১.০৮৮ তারিখ ঃ ১৭ অক্টোবর ২০২১ খ্রিঃ

বিষয় ঃ জনাব আব্দুর রব পলাশকে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্রাসায় (ইআইআইএন নং- ১১৯০৭৬) এডহক কমিটির সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।

প্রিয় চেয়ারম্যান মহোদয়

সালাম ও শুভেচ্ছা জানবেন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, সরুলিয়া কিয়ামিয়া আদর্শ দাখিল মাদ্রাসায় (ইআইআইএন নং- ১১৯০৭৬) এডহক কমিটি গঠনের লক্ষ্যে জনাব আব্দুর রব পলাশ, পিতা- মোঃ রফিকুল ইসলাম, গ্রাম ও ডাক- পাটকেলঘাটা, উপজেলা- তালা, জেলা- সাতক্ষীরাকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানের জন্য সুপারিশ করছি।

মুস্তফা লুৎফুল্লাহ
১৭.১০.২০২১

চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
ঢাকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং- ৪৫
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন / কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ./ পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার

কার্যালয় : কক্ষ # ১১৬, ব্লক # ০৫, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
০১৭১৫ ২৬৮০৭৫, ০১৭৮৯ ২৪৪৫৪৪ adv.lutfullah@gmail.com